



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
সমবায় অধিদপ্তর  
এফ- ১০, আগারগাঁও দিভিক সেক্টর, ঢাকা-১২০৭।  
[www.coop.gov.bd](http://www.coop.gov.bd)



### বিজ্ঞপ্তি

#### জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ মনোনয়ন আহবান


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর ৩ নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী ১৩টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৩ (তিন) জন সমবায়ীকে (কমপক্ষে ১জন মহিলা) ২০২৩ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

#### সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ

১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়: কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;
২. সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়: সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;
৩. উৎপাদনমুখী সমবায়: দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যস্যাচী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;
৪. ব্যবসায়ী সমবায়: দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, ফার্মার সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;
৫. মুক্তিযোদ্ধা সমবায়: মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়: বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;
৭. মহিলা সমবায়: মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৮. পেশাভিত্তিক সমবায়: মুৎশিল্পী সমবায় সমিতি, জাতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাক্সি-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;
৯. গৃহায়ন সমবায়: গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি;
১০. বিশেষ ও অন্যান্য শ্রেণি: যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

#### আবেদন প্রক্রিয়া

১. আবেদন ফরম প্রাপ্তিস্থান: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট [www.rccd.gov.bd](http://www.rccd.gov.bd) এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট [www.coop.gov.bd](http://www.coop.gov.bd) বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে আগামী ২৫/০৭/২০২৪ তারিখ হতে পাওয়া যাবে।
২. আবেদন ফরম জমা: যোগ্যতা সম্পন্ন সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ০৮/০৮/২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে।

  
মোঃ শায়রুল ইসলাম  
নিবন্ধক ও মহাপরিচালক  
ফোন: ৪৮১১৯৩০৫  
[reg.og@coop.gov.bd](mailto:reg.og@coop.gov.bd)